ভোরের কাগজ

তারিখ ... 18 MAR 1998 ... ...
পৃষ্ঠা ৪ কলাম [illegible]

# শিক্ষামন্ত্রীর কাছে আকুল আবেদন

আমি ১৯৯৭ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য যশোর শিক্ষা বোর্ডের অধীনে পিরোজপুর জেলার অন্তর্গত স্বরূপকাঠি থানার শহীদ স্মৃতি মহাবিদ্যালয় থেকে নিয়মিত ছাত্র হিসেবে অংশগ্রহণ করে কৃতকার্য হয়েছি। আমার রোল নং ১০২৯৭৪ (বিজ্ঞান)। পরীক্ষার ফলাফল প্রকাশ হলে দেখা যায় আমি দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছি।

পরবর্তী সময়ে নম্বর ফর্দ সংগ্রহ করে দেখি, আমার আবশ্যিক বিষয় গণিত প্রথম ও দ্বিতীয় পত্রের কোনো নম্বর ফর্দে তোলা হয়নি। ঐ দুই বিষয়ের নম্বর ছাড়া পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে এবং আমার চতুর্থ বিষয় জীববিজ্ঞানকে আবশ্যিক বিষয় হিসেবে দেখিয়ে ফলাফল প্রকাশ করা হয়েছে। যা নিয়মের বাইরে। বিষয়টি মহাবিদ্যালয়ের অধ্যক্ষকে অবগত করলে তিনি স্মারক নং ৮৮-৯৭, ৫-১০-৯৭ তারিখ সংশ্লিষ্ট বোর্ডকে অবহিত করেন। কিন্তু অদ্যাবধি কোনো সুফল পাইনি। নিয়ম মাফিক সকল বিষয়ে প্রাপ্ত নম্বর মিলিয়ে ফলাফল প্রকাশ করলে আমি প্রথম বিভাগে উত্তীর্ণ হতাম। কিন্তু শিক্ষা বিভাগের গাফিলতির জন্য আমার ভবিষ্যৎ লেখাপড়া শেষ হয়ে যাওয়ার উপক্রম এবং আমি দিনদিন মানসিক ভারসাম্য হারিয়ে ফেলছি। এছাড়া আমি, আমার গণিত বিষয়ের নম্বর ছাড়া কোথাও ভর্তির জন্য আবেদনও করতে পারছি না।

অতএব শিক্ষামন্ত্রীর কাছে বিনীত অনুরোধ আমি যাতে আমার ভবিষ্যৎ জীবনকে উজ্জ্বল করতে পারি তার সুব্যবস্থা করতে সংশ্লিষ্ট বোর্ডের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের নির্দেশ দেবেন।

মোঃ ইমরুল হাসান
রোল নং ১০২৯৭৪
শহীদ স্মৃতি কলেজ
স্বরূপকাঠি, পিরোজপুর